গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহন পুল ভবন, ঢাকা
(প্রশাসন-১ শাখা)
www.molwa.gov.bd

স্মারক নং ৪৮.০০.০০০০.০০১.২৩.০০২.২০২০-৬৮

তারিখ: ০৮ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ
২২ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২০ উপলক্ষ্যে আয়োজিতব্য কার্যক্রম প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস বিস্তার রোধকল্পে সার্বিক পরিস্থিতি বিবেচনায় ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২০ পালনের জন্য গত ১৬/০৩/২০২০ তারিখের সংশোধিত কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত বিশেষ সভার (কপি সংযুক্ত) কার্যবিবরণীর ক্রমিক ৩ এর সিদ্ধান্ত 'খ' , ক্রমিক ১০ এবং ১৪ এর কার্যক্রম স্থগিত করা হয়েছে।

২। জেলা এবং উপজেলা পর্যায়ে ন্যূনতম সংখ্যক উপস্থিতিতে আগামী ২৬ মার্চ ২০২০ খ্রি: তারিখ সকাল ৮.০০ টায় (সংশ্লিষ্ট কর্তৃপক্ষ স্থান নির্ধারণ করবে) জাতীয় পতাকা উত্তোলন করা যেতে পারে, তবে কোন অতিথি আমন্ত্রণ করা যাবে না।

৩। বর্ণিত বিষয়ে সকল জেলা প্রশাসক ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের-কে অবহিত করার জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২২/৩/২০২০
(মোঃ জাহাঙ্গীর হোসেন)
উপসচিব (প্রশাসন-১)
টেলিফোন-৯৫৭৮৬৪৮
info.molwa@yahoo.com

বিতরণঃ
বিভাগীয় কমিশনার (সকল)

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা।
০৩। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
০৪। সিনিয়র সচিব, জন নিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা।
০৭। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
১০। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
১৩। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১৯। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২০। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
২১। জিওসি, ৯ পদাতিক ডিভিশন, সাভার, সেনানিবাস, ঢাকা।
২২। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, ১১২ সার্কিট হাউজ, রমনা, ঢাকা।
২৩। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪। পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।
২৫। এ্যাডজুটেন্ট জেনারেল, বাংলাদেশ সেনাবাহিনী, সেনা সদর দপ্তর, ঢাকা।
২৬। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২৭। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
২৮। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
২৯। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, তেজগাঁও, ঢাকা।
৩০। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।
৩১। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান, ঢাকা।
৩২। জেলা প্রশাসক (সকল).....।
৩৩। পুলিশ সুপার, ঢাকা।
৩৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল).....।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুলভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
(প্রশাসন-১ শাখা)
www.molwa.gov.bd

বিষয়: ২৫ মার্চ গণহত্যা দিবস পালন এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২০ উদযাপনের লক্ষ্যে সংশোধিত কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত বিশেষ সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মোঃ আমিনুল ইসলাম খান সচিব মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
তারিখ ও সময়	:	১৬/০৩/২০২০, বিকাল- ০৩:০০ টায়
সভার স্থান	:	মন্ত্রণালয়ের সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক' -তে সংযোজন করা হলো।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি এ মুহূর্তে বিশ্বে করোনা ভাইরাস নিয়ে উদ্ভূত পরিস্থিতিতে বিচলিত না হয়ে সবাইকে সতর্ক ও সচেতন থাকতে বলেন। তিনি জানান মাননীয় প্রধানমন্ত্রী এ বিষয়ে জনগণকে সচেতন করার পাশাপাশি চলাচলে সতর্কতা ও ব্যাপক জনসমাগম নিরুৎসাহিত করার পরিপ্রেক্ষিতে আজকের এ বিশেষ সভার আয়োজন। সভাপতি জানান, মাননীয় প্রধানমন্ত্রীর সকল চিন্তা-র কেন্দ্রে আপামর জনগণ এবং তিনি তাদের সার্বিক কল্যাণের উপর সর্বাধিক গুরুত্ব প্রদান করেন। সেজন্য তিনি জনসমাগম সীমিত রেখে আনুষ্ঠানিকতা পালন ও বেতার-টিভি-তে অনুষ্ঠান সম্প্রচারের উপর গুরুত্ব আরোপ করেন।

সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

২৫ মার্চ গণহত্যা দিবস পালন উপলক্ষ্যে ২০২০ খ্রিস্টাব্দের সংশোধিত জাতীয় কর্মসূচিঃ

ক্রঃ	তারিখ/সময়	কর্মসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২৫-০৩-২০২০	জাতির উদ্দেশ্য মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী।	যথানিয়মে যথাসময়ে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী গণমাধ্যমে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহামান্য রাষ্ট্রপতির প্রেস সচিব/ মাননীয় প্রধানমন্ত্রীর প্রেস সচিব/তথ্য মন্ত্রণালয়।
২	২৫-৩-২০২০ বাদ জোহর/সুবিধাজনক সময়ে	সারা দেশে ২৫ মার্চের রাতে নিহতদের স্মরণে বিশেষ মোনাজাত/প্রার্থনা	২৫ মার্চ কালো রাতে এবং স্বাধীনতাযুদ্ধে শহিদদের আত্মার মাগফেরাত কামনা করে বাদ যোহর মসজিদে এবং সুবিধাজনক সময়ে মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে মোনাজাত/প্রার্থনার ব্যবস্থা করতে হবে।	মন্ত্রিপরিষদ বিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৩	২৫-৩-২০২০ (রাত ০৯-০০ থেকে ০৯-০১ মিনিট পর্যন্ত)	সারা দেশে প্রতীকী ব্ল্যাক-আউট ০১(এক) মিনিটের জন্য (কেপিআই/জরুরি স্থাপনা/চলমান যানবাহন ব্যতীত)	পূর্ববর্তী বছরের ন্যায় এ বছরও স্ব স্ব প্রতিষ্ঠান এবং ব্যক্তি নিজ উদ্যোগে সারাদেশে (০১ (এক) মিনিট) প্রতীকী ব্ল্যাক-আউট পালন করবে।	মন্ত্রিপরিষদ বিভাগ, জননিরাপত্তা বিভাগ, বিদ্যুৎ বিভাগ, তথ্য মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

Munites other

২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২০ উদযাপন উপলক্ষ্যে সংশোধিত জাতীয় কর্মসূচি:

ক্রমিক	তারিখ/সময়	জাতীয় কর্মসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	২৬-৩-২০২০	২৬ মার্চ তারিখে জাতির উদ্দেশ্যে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী সম্বলিত ক্রোড়পত্র পত্রিকায় প্রকাশ	যথানিয়মে যথাসময়ে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী গণমাধ্যমে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহামান্য রাষ্ট্রপতির প্রেস সচিব/ মাননীয় প্রধানমন্ত্রীর প্রেস সচিব/তথ্য মন্ত্রণালয়।
২.	২৬-৩-২০২০	সূর্যোদয়ের সাথে সাথে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সীমিতসংখ্যক আমন্ত্রিত ব্যক্তিবর্গের উপস্থিতিতে সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা হবে; সকল রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনকে সীমিত সংখ্যক ব্যক্তিবর্গের উপস্থিতিতে পুষ্পস্তবক অর্পণের জন্য অনুরোধ করা যেতে পারে	ক) মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সীমিতসংখ্যক আমন্ত্রিত ব্যক্তিবর্গের উপস্থিতিতে সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা হবে। খ) মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী, বিদেশী কূটনীতিক ও মন্ত্রিপরিষদের সদস্যবর্গ কর্তৃক শ্রদ্ধা নিবেদন শেষে স্মৃতিসৌধ ত্যাগ করার পর রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের পক্ষে সীমিত সংখ্যক ব্যক্তিবর্গ পুষ্পস্তবক অর্পণ করবেন।	(ক) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, জন-নিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল। (খ) জননিরাপত্তা বিভাগ, পুলিশ বাহিনী, নিরাপত্তা বাহিনী (সকল), ৯ পদাতিক ডিভিশন। (গ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, পুলিশ বাহিনী।
৩.	২৬-৩-২০২০	সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে) ২৬ মার্চ সারাদেশে জেলা ও উপজেলায় সীমিত উপস্থিতিতে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। তবে কুচকাওয়াজ ও সমাবেশ স্থগিত থাকবে	ক) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে) ২৬ মার্চ সারাদেশে জেলা ও উপজেলায় সীমিত সংখ্যক ব্যক্তিবর্গের উপস্থিতিতে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। খ) বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে সীমিত সংখ্যক ব্যক্তিবর্গের উপস্থিতিতে পতাকা উত্তোলন ও আনুষ্ঠানিকতা সম্পন্ন হবে।	ক) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং বেসরকারি প্রতিষ্ঠান/ভবনসমূহের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/ভবনের মালিক। তথ্য মন্ত্রণালয়, বিটিভি, বেতার ও বিভিন্ন বেসরকারি বেতার/টিভি চ্যানেলে সঠিক মাপ এবং রং এর জাতীয় পতাকা উত্তোলনের বিধি-বিধান জনসাধারণের জ্ঞাতার্থে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে।
৪.		২৬ মার্চ রাত্রে গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা কার্যক্রম অব্যাহত থাকবে	ক) পূর্ববর্তী বছরের ন্যায় একইভাবে আলোকসজ্জা হবে। খ) সকল মন্ত্রণালয় /দপ্তর/ সংস্থা/ বেসরকারি ভবনের মালিক এবং সকল সিটি কর্পোরেশন কর্তৃক ব্যাপকভাবে আলোকসজ্জা করতে হবে।	গণপূর্ত অধিদপ্তর, বিদ্যুৎ বিভাগ, সকল সিটি কর্পোরেশন, বেসরকারি ভবনের মালিক/সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।
৫.	২৬-৩-২০২০	ঢাকাসহ দেশের সকল জেলা ও উপজেলায় একত্রিশবার তোপধ্বনি	ঢাকাসহ দেশের সকল জেলা ও উপজেলায় একত্রিশবার তোপধ্বনি হবে।	ক) সশস্ত্র বাহিনী বিভাগ খ) জেলা প্রশাসক, পুলিশ সুপার, উপজেলা নির্বাহী অফিসার, থানার ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা।

৬.	২৬-৩-২০২০	বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে জাতীয় পতাকা উত্তোলন, আলোচনা, সাংস্কৃতিক ও সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন এবং বিদেশী পত্র-পত্রিকায় বিশেষ ক্রোড়পত্র (ইংরেজিসহ) প্রকাশ	ক) বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে সীমিত আকারে আলোচনা অনুষ্ঠান করা যেতে পারে। খ) বিদেশী পত্র-পত্রিকায় যথানিয়মে বিশেষ ক্রোড়পত্র (ইংরেজিসহ) প্রকাশিত হবে।	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৭.	২৬-৩-২০২০	বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বিভিন্ন বে-সরকারি বেতার/টিভি চ্যানেলে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল ইতিহাস ভিত্তিক অনুষ্ঠানমালা প্রচার	বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বিভিন্ন বে-সরকারি বেতার/টিভি চ্যানেলে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল ইতিহাস ভিত্তিক অনুষ্ঠানমালা ব্যাপকভাবে প্রচার করবে।	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, বিটিভি, বাংলাদেশ বেতার, বেসরকারি বেতার/টিভি চ্যানেল, ডিএফপি, গণযোগাযোগ অধিদপ্তর।
৮.	২৬-৩-২০২০	সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র/পোস্টার প্রকাশ	সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র/পোস্টার প্রকাশিত হবে।	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর।
৯.	২৬-৩-২০২০	জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ মোনাজাত/প্রার্থনা	জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ মোনাজাত/ প্রার্থনা করতে হবে।	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ইসলামিক ফাউন্ডেশন, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট এবং খ্রিষ্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।
১০.	২৬-৩-২০২০	জাতীয় পর্যায়ে রচনা প্রতিযোগিতার আয়োজন	জাতীয় পর্যায়ে রচনা প্রতিযোগিতার আয়োজন করতে হবে।	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
১১.	২৬-৩-২০২০	দেশের সকল হাসপাতাল, জেলখানা, শিশু পরিবার, ভবঘুরে প্রতিষ্ঠান ও শিশু দিবা যত্ন কেন্দ্রসমূহে উন্নতমানের খাবার পরিবেশন	ক) দেশের সকল হাসপাতাল, জেলখানা, শিশু পরিবার, ভবঘুরে প্রতিষ্ঠান ও শিশু দিবা যত্ন কেন্দ্রসমূহে উন্নতমানের খাবার পরিবেশন করতে হবে। খ) মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুসারে "উন্নত খাদ্য ও মিষ্টি বিতরণ করার ব্যবস্থা নেয়া যায়। কোথায় করবে তা সংশ্লিষ্টরাই ঠিক করবেন"।	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, জন নিরাপত্তা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, সমাজ কল্যাণ মন্ত্রণালয়।
১২.	২৬-৩-২০২০	চট্টগ্রাম, খুলনা ও মংলা বন্দর ও পায়রা বন্দর , ঢাকার সদরঘাট, নারায়ণগঞ্জের পাগলা, চাঁদপুর ও বরিশাল বিআইডব্লিউটিএ ঘাটে বাংলাদেশ নৌ-বাহিনী ও কোস্টগার্ডের জাহাজসমূহ জনসাধারণের দর্শনের জন্য উন্মুক্ত রাখা	সামগ্রিক পরিস্থিতি বিবেচনায় এই কর্মসূচি স্থগিত থাকবে।	সশস্ত্র বাহিনী বিভাগ, বাংলাদেশ নৌ-বাহিনী কোস্টগার্ড, নৌপরিবহন মন্ত্রণালয়, জন নিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ।

Mumtes other

১৩.	২৬-৩-২০২০	ঢাকা এবং দেশের বিভিন্ন শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিতকরণ	ঢাকা এবং দেশের বিভিন্ন শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিত করতে হবে।	স্থানীয় সরকার বিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সেতু বিভাগ, রেলপথ মন্ত্রণালয়, সিটি কর্পোরেশন (সকল), জেলা প্রশাসক (সকল), জেলা পরিষদ, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।
১৪.	২৬-৩-২০২০	জেলা ও উপজেলা সদরে মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠান: মুক্তিযোদ্ধা সমাবেশ স্থগিত করে জেলা ও উপজেলা প্রশাসন হতে বীর মুক্তিযোদ্ধাদের নিকট ফুল ও উপহার প্রেরণ করা যেতে পারে	মুক্তিযোদ্ধা সমাবেশ স্থগিত করে জেলা ও উপজেলা প্রশাসন হতে বীর মুক্তিযোদ্ধাদের নিকট ফুল ও উপহার প্রেরণ করতে হবে।	জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), প্রশাসক, মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল।
১৫.	২৬-৩-২০২০	মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে স্মারক ডাক টিকিট প্রকাশ	মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে স্মারক ডাক টিকিট প্রকাশ করা হবে।	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ ডাক অধিদপ্তর
১৬.	২৬-৩-২০২০	দেশের সকল সরকারি শিশু পার্ক শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ করা	সামগ্রিক পরিস্থিতি বিবেচনায় এই কর্মসূচি স্থগিত থাকবে।	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, বাংলাদেশ পুলিশ, বর্ডার গার্ড বাংলাদেশ, সকল সিটি কর্পোরেশন, জেলা পরিষদ ও জেলা প্রশাসক (সকল), সংশ্লিষ্ট নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট পৌরসভা।
১৭.	২৬-৩-২০২০	ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে সিনেমা হলসমূহে বিনা টিকিটে ছাত্র-ছাত্রীদের জন্য মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচ্চিত্র প্রদর্শনী এবং উন্মুক্ত স্থানে মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রামাণ্যচিত্র প্রদর্শনীর আয়োজন	সামগ্রিক পরিস্থিতি বিবেচনায় এই কর্মসূচি স্থগিত থাকবে।	প্রতিরক্ষা মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষাসেবা বিভাগ, সশস্ত্র বাহিনী বিভাগ, গণযোগাযোগ অধিদপ্তর, জেলা প্রশাসক (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত-১৯/০৩/২০২০
(মোঃ আমিনুল ইসলাম খান)
সচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।

০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা।
০৫। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
০৭। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১৬। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৮। জিওসি, ৯ পদাতিক ডিভিশন, সাভার সেনানিবাস, ঢাকা।
১৯। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, ১১২ সার্কিট হাউস, রমনা, ঢাকা।
২০। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১। বিভাগীয় কমিশনার, ঢাকা।
২২। পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।
২৩। এ্যাডজুটেন্ট-জেনারেল, বাংলাদেশ সেনাবাহিনী, সেনা সদর দপ্তর, ঢাকা।
২৪। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহা পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২৫। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
২৬। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
২৭। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, তেজগাঁও, ঢাকা।
২৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর, ভবন, ঢাকা।
২৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান, ঢাকা।
৩০। জেলা প্রশাসক (সকল)..... ।
৩১। পুলিশ সুপার, ঢাকা।
৩২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)..... ।

২১/৩/২০২০

(মোঃ জাহাঙ্গীর হোসেন)
উপসচিব (প্রশাসন-১)
টেলিফোন-৯৫৬৬৬৪২
info.molwa@yahoo.com

স্মারক নং-৪৮.০০.০০০০.০০১.০২৩.০১.২০২০- ৬৬

তারিখ: ০৭ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ / ২১ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি: (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

০১। মাননীয় মন্ত্রীর একান্তসচিব , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
০২। সচিবের একান্তসচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। সিনিয়র জনসংযোগ কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৪। অতিরিক্ত সচিব (সকল)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
০৫। অফিস কপি

Movies other